দৈনিক ইত্তেফাক

তারিখ ... 0 9 FEB 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2

03

# যথাসময়ে নম্বরপত্র জমা না দেওয়ায় ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশে বিলম্ব

॥ রেজানুর রহমান ॥

কতিপয় শিক্ষক নির্দিষ্ট সময়ের মধ্যে পরীক্ষার নম্বরপত্র জমা না দেওয়ায় গত বছর অনুষ্ঠিতব্য ঢাকা ভার্সিটির ডিগ্রী পরীক্ষার

(৭ম পৃঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষার ফল

(১ম পৃঃ পর)

ফলাফল দীর্ঘ ৬ মাসের ব্যবধানেও প্রকাশ করা সম্ভব হয় নাই। ঢাকা ভার্সিটির পরীক্ষা নিয়ন্ত্রক শাহ হাবিবুর রহমান গতকাল জানান, এ ব্যাপারে সংশ্লিষ্ট শিক্ষকদেরকে একাধিকবার অনুরোধ করিয়া পত্র পাঠানো হইলেও কোন ফল হয় নাই। গত সপ্তাহে প্রেরিত সর্বশেষ পত্রে আগামী ১৪ই এপ্রিলের মধ্যে নম্বরপত্র জমা দেওয়ার জন্য পুনরায় অনুরোধ করা হইয়াছে।

গত বছর নভেম্বর মাসে ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ ব্যাপারে গতকাল পরীক্ষা নিয়ন্ত্রকের সহিত যোগাযোগ করা হইলে গত তিন বছরের মধ্যে এই প্রথমবারের মত তিনি ফলাফল প্রকাশে বিলম্ব হওয়ার কারণ ব্যাখ্যা করেন। তিনি বলেন, একজন শিক্ষক দিনে ১০টি করিয়া খাতা দেখিলেও এক মাসের ব্যবধানে ১৫০ হইতে ২০০ খাতা দেখা শেষ হওয়ার কথা। ইহার পর খাতা 'স্ক্রুটিং' ও 'কমপেয়ার' করার জন্য ১ মাস সময় দরকার। সব মিলাইয়া ৩ মাসের ব্যবধানে ফলাফল প্রকাশ করিতে কোন অসুবিধা হওয়ার কথা নয়।

অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, কতিপয় শিক্ষক অন্যের দ্বারা খাতা দেখান বলিয়া আমরাও অভিযোগ পাইয়াছি। ট্যাবুলেটররা ইতিপূর্বে এই ধরনের অভিযোগ করিয়াছে বলিয়া তিনি মন্তব্য করেন।

এবার ঢাকা ভার্সিটির আওতায় ১৮৮টি কলেজ হইতে প্রায় ৮২ হাজার ছাত্র-ছাত্রী ডিগ্রী পরীক্ষায় অংশ নেয়। সবকিছু ঠিকঠাক থাকিলে ঈদের পরপরই পরীক্ষার ফলাফল প্রকাশ হইতে পারে।